

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
আফ্রিকা অনুবিভাগ, ঢাকা

নং- ১৯.০০.০০০০.৪৪৫.৩৬.৬০৭.২১ /০৭১৭

২৬ জানুয়ারি ২০২৩

প্রেরক: ফাল্গুনী বাগ্‌চী

সহকারী সচিব (আফ্রিকা)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

পররাষ্ট্র মন্ত্রণালয়
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: আগামী ০১-১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মো: শাহরিয়ার আলম, এম. পি. এর দক্ষিণ আফ্রিকা, এসওয়াতিনি এবং বতসোয়ানাতে সরকারি সফরের প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপনঃ

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে জানাচ্ছে যে, মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মো: শাহরিয়ার আলম, এম. পি. মহোদয় এর নেতৃত্বে একটি প্রতিনিধি দল আগামী ০১-১১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে দক্ষিণ আফ্রিকা, এসওয়াতিনি এবং বতসোয়ানাতে দ্বিপাক্ষিক সরকারী সফর করবেন। উক্ত সফর কালে মাননীয় প্রতিমন্ত্রী মহোদয় দক্ষিণ আফ্রিকার উচ্চ পর্যায়ের নেতৃত্বের সাথে দ্বিপাক্ষিক বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন এবং প্রিটোরিয়াতে অনুষ্ঠিতব্য বাংলাদেশ বানিজ্য ও বিনিয়োগ সেমিনার ও প্রদর্শনীতে অংশগ্রহণ করবেন। উক্ত সফরে নিম্নে বর্ণিত কর্মকর্তা/ব্যক্তিবর্গ মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সফর সঙ্গী হবেন:-

ক) মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী জনাব মো: শাহরিয়ার আলম, এম. পি.- (প্রতিনিধি দলের প্রধান)

খ) জনাব মোঃ তারিকুল ইসলাম, মহাপরিচালক (আফ্রিকা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা- সদস্য

গ) জনাব মোঃ গোলাম মওলা, পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের প্রাইভেট সেক্রেটারী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা- সদস্য

ঘ) জনাব মোহাম্মদ আল-আলেমুল ইমাম, পরিচালক, (পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর)-সদস্য

ঙ) মিজ ফাল্গুনী বাগ্‌চী, সহকারী সচিব (আফ্রিকা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা - সদস্য

চ) জনাব বশির আহমেদ রিপন, পরিচালক, BGMEA - সদস্য

ছ) জনাব মোহাম্মদ আব্দুল ওয়াহেদ তমাল, ই-কমার্স এসোসিয়েশন-সদস্য

জ) জনাব মোহাম্মদ সাহাব উদ্দিন, ই-কমার্স এসোসিয়েশন-সদস্য

ঝ) জনাব সাদরুদ্দীন ইমরান, ই-কমার্স এসোসিয়েশন-সদস্য

০২। এ প্রশাসনিক মঞ্জুরী নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবে:

ক) উপর্যুক্ত সফর সমূহে অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিটকালসহ) সরকারি কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং উক্ত কর্মকর্তাগণ বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

খ) আলোচ্য সফর সমূহে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদের দ্বিপাক্ষিক সফরের আনুষঙ্গিক ভাতাদি সংক্রান্ত বিধি মোতাবেক পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২২-২০২৩ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১ উপ-খাত থেকে নির্বাহ করা হবে এবং অন্যান্য প্রতিনিধিদের ব্যয়ভার স্ব-স্ব প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে;

গ) উপর্যুক্ত প্রতিনিধিদল আগামী ১ ফেব্রুয়ারি ২০২৩ বা তার নিকটবর্তী তারিখে জোহানেসবার্গ এর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং দক্ষিণ আফ্রিকা, এসওয়াতিনি ও বতসোয়ানা ভ্রমণ শেষে আগামী ১১ ফেব্রুয়ারি ২০২৩ অথবা তার নিকটবর্তী তারিখে ঢাকার উদ্দেশ্যে জোহানেসবার্গ ত্যাগ করবেন;

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,

প্রা/-

(ফাল্গুনী বাগ্‌চী)

সহকারী সচিব (আফ্রিকা)

২৬ জানুয়ারি, ২০২৩

নং- ১৯.০০.০০০০.৪৪৫.৩৬.৬০৭.২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (পররাষ্ট্রমন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (প্রশাসন/আফ্রিকা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এসএমও / এফএসও/আফ্রিকা / সংস্থাপন/অর্থ/অডিট এন্ড পেনশন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৬। সহকারী কমিশনার (কাষ্টমস), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৮। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৯। বাংলাদেশ দূতাবাস, প্রিটোরিয়া, দক্ষিণ আফ্রিকা।
- ১০। অফিস কপি।



(ফাল্গুনী বাগ্‌চী)

সহকারী সচিব (আফ্রিকা)